রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ২৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৭, ২০১৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪০৩—৪১৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮৮৫—৯৫৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৪৩—১৩৭৬ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৩ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, পে্øগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৫ মার্চ ২০১৪

**নং ১০.০০.০০০০.১২৫.২৮.০০১.১৩-১০৪**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার যশোরের সাবেক জেলা লিগ্যাল এইড অফিসার বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত জনাব ওয়াহিদুজ্জামান-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকুরী হতে সাময়িক বরখাস্ত (Suspend) করল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে সংশি্øষ্ট কর্মকর্তা খোরাকী ভাতা সহ অন্যান্য ভাতাদি প্রাপ্ত হবেন।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রঃ)।

**বিচার শাখা-৩**

**আদেশ**

তারিখ, ৩১ মার্চ ২০১৪

**নং ১৭০ বিচার-৩/১ডি-১৭/২০০৮**—যেহেতু, নোয়াখালীর সাবেক যুগ্ম জেলা জজ বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা জজ) জনাব সৈয়দ আজাদ সুবহানীর বিরুদ্ধে বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনয়ন পূর্বক ১৭/২০০৮নং বিভাগীয় মোকদ্দমা রুজু করতঃ কেন তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব সৈয়দ আজাদ সুবহানী উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব সৈয়দ আজাদ সুবহানীর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে সরকার জনাব সৈয়দ আজাদ সুবহানী কে ১৭/২০০৮নং বিভাগীয় মোকদ্দমায় ভবিষ্যতের জন্য সতর্ক করে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করতঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করেন; এবং

যেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবে একমত পোষণ না করে তাঁকে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান করার জন্য পরামর্শ প্রদান করেছেন; এবং

যেহেতু, সরকার জনাব সৈয়দ আজাদ সুবহানী-কে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি অনুযায়ী কেন চাকুরী হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হবেনা সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশটি গ্রহণ না করায় উহা জাতীয় দৈনিক পত্রিকায় প্রচার করা হলেও তিনি প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে কোন জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, জনাব সৈয়দ আজাদ সুবহানী-কে চাকুরী হতে বাধ্যতামূলক অবসর প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন প্রদান করেছেন; এবং

এক্ষণে, সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ ও মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে নোয়াখালীর সাবেক যুগ্ম জেলা জজ বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা জজ) জনাব সৈয়দ আজাদ সুবহানী-কে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৪(৩) (বি) বিধি মোতাবেক বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান করা হল।

এরূপ বাধ্যতামূলক অবসর দানের ফলে তিনি বিধি মোতাবেক সকল প্রকার আর্থিক সুবিধাদি পাবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

---

### বিচার শাখা-৭

### আদেশাবলী

তারিখ, ১৩ মার্চ ২০১৪

**নং বিচার-৭/২এন-০২/৯৩-১৮৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ সাখাওয়াত হোসেন, পিতা আবুল হোসেন, মাতা খাতিজা বেগম, গ্রাম পূর্ব তাহেরপুর, পোঃ ইসবপুর, উপজেলা-ধামইরহাট, জেলা-নওগাঁ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার ০৭নং ইসবপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৫ মার্চ ২০১৪

**নং বিচার-৭/২এন-৩৮/২০১৩-১৯৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সন্তোষ কুমার চক্রবর্তী, পিতা-মৃত-রশিক লাল চক্রবর্তী, গ্রাম-আড়ালীয়া, ডাকঘর-খাসেরহাট, উপজেলা-তজুমদ্দিন, জেলা-ভোলা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোলা জেলার তজুমদ্দিন উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

## কৃষি মন্ত্রণালয়
## গবেষণা ২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২৩ মার্চ ২০১৩/০৯ চৈত্র ১৪২০

নং **১২.০৬৪.০০০০.০৭.০৬.০১.২০১৪-৯০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ তারিখের নং ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ সংখ্যক পত্রের আলোকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, তুলা উন্নয়ন বোর্ডের জন্য ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদে সরাসরি নিয়োগ/পদোন্নতি প্রদানের নিমিত্ত নিম্নরূপভাবে বাছাই/নির্বাচন কমিটি গঠন ও কমিটির কার্যপরিধি নির্ধারণ করা হলো ঃ

**বাছাই/নির্বাচন কমিটিঃ**

**সভাপতি/আহ্বায়ক**

(১) নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড।

**সদস্যবৃন্দ**

(২) প্রতিনিধি (উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়)।

(৩) প্রতিনিধি (উপ-সচিব, গবেষণা-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়)।

(৪) প্রতিনিধি (বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন)।

**সদস্য-সচিব**

(৫) উপ-পরিচালক (সদর দপ্তর), তুলা উন্নয়ন বোর্ড।

**কমিটির দায়িত্ব/কার্যপরিধিঃ**

(ক) নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ডের অধীনস্থ অফিসসমূহের যে সকল তৃতীয় শ্রেণীর পদের নিয়োগ কর্তা উক্ত শূন্য পদসমূহ সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য সংশ্লিষ্ট বিধিমালা অনুসরণপূর্বক প্রার্থী/ পদোন্নতি যোগ্য ফিডার পদধারী বাছাই এবং সুপারিশ প্রদান করা;

(খ) তৃতীয় শ্রেণীর কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইম স্কেল প্রদানের ক্ষেত্রে বিভিন্ন সময়ে জারীকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/অফিস স্মারকের আলোকে সুপরিশ প্রদান;

(গ) প্রয়োজনবোধে একইভাবে ৪র্থ শ্রেণীর পদ পূরণের জন্য প্রার্থী বাছাই এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইম স্কেল প্রদানের ক্ষেত্রে সুপারিশ প্রদান;

(ঘ) এই বাছাই কমিটির কার্য পরিধি তুলা উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়ে বিদ্যমান থাকবে।

(ঙ) এর দ্বারা পূর্বে কৃষি মন্ত্রণালয় এবং তুলা উন্নয়ন বোর্ড হতে এতদ্সম্পর্কিত সকল নির্বাচন কমিটি বাতিল বলে গণ্য হবে এবং ইহা অবিলম্বে কার্যকর হেব।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু জুবাইর হোসেন**
উপ-সচিব।

---

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**প্রশাসন-১(সংস্থাপন) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ বৈশাখ ১৪২১/০৮ মে ২০১৪

**নং ২৪.০০.০০০০.১১১.১২.০০৩.১২-৩২৭**—বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ০৭-০৫-২০১৪ তারিখের ৮০.১০২.০১২.০০.০০.০৮.২০১৪-৯৮ সংখ্যক স্মারকের সুপারিশের ভিত্তিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মচারীদ্বয়কে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ টাকার বেতনক্রমে ব্যক্তিগত কর্মকর্তা (২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা) পদে পদোন্নতি প্রদান করা হলোঃ

| ক্রমিক নং | গ্রেডেশন নং | কর্মচারীর নাম ও পদবী | সুপারিশকৃত পদের নাম |
|---|---|---|---|
| (১) | ০১ | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন হাং, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ব্যক্তিগত কর্মকর্তা |
| (২) | ০২ | জনাব মোহাম্মদ আরশাদ খান, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ব্যক্তিগত কর্মকর্তা |

২। পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাদ্বয় ১(এক) বছরের জন্য শিক্ষানবিস কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আখতারী বেগম**
উপসচিব।

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**ডাক-১**

**আদেশ**

তারিখ, ১৭ চৈত্র ১৪২০/৩১ মার্চ ২০১৪

**নং পিটি/শাখা-৩/১ডি-১০/২০০৭-৬৬**—জনাব মোঃ হুমায়ুন কবীর বিগত ২৭-০৭-২০০০ হতে ০৪-০৫-২০০৩ তারিখ পর্যন্ত ঢাকা জিপিও'র উর্ধ্বতন হিসাবরক্ষক পদে কর্মরত ছিলেন। ঢাকা জিপিওতে উর্ধ্বতন হিসাবরক্ষক পদে তার কর্মকালীন সময়ে ঢাকা নগরী উত্তর বিভাগের বিভাগীয় অফিসের বাজেট শাখার অপারেটর জনাব মনসুরচ্ছ সামাদ চৌধুরী কর্তৃক ইউনিট কর্মকর্তার জাল স্বাক্ষর ও সীলমোহর ব্যবহার করে বিভিন্ন অফিসের নামে বিদ্যুৎ, পৌরকর ওয়াসাখাতে বকেয়া বিল বাবদ ভুয়া মঞ্জুরী পত্র ইস্যুর মাধ্যমে ৩,২৯,৪৯,৫১৬.১১ (তিন কোটি উনত্রিশ লক্ষ উনপঞ্চাশ হাজার পাঁচশত ষোল টাকা এগার পয়সা) টাকা আত্মসাতের ঘটনা সংগঠিত হয়।

২। প্রাথমিক তদন্তে প্রকাশ পায় যে, তার (জনাব মোঃ হুমায়ুন কবীর) উক্ত কর্মকালীন সময়ে বিভিন্ন খাতে ভুয়া মঞ্জুরীপত্র জারির মাধ্যমে উক্ত টাকা ঢাকা জিপিও থেকে নগদায়নপূর্বক আত্মসাতের ঘটনা সংঘটিত হয়েছে। প্রাথমিক তদন্ত শেষে দায়িত্ব অবহেলা ও দুর্নীতির কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানো হলে তিনি জবাব দাখিল করেন। তদপ্রেক্ষিতে, তার (জনাব মোঃ হুমায়ুন কবীর) লিখিত জবাব, আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনা করা হয় এবং ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। পরবর্তীতে বিষয়টি অধিকতর তদন্তের লক্ষ্যে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তান্তে বিস্তারিত তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

৩। যেহেতু, জনাব মোঃ হুমায়ুন কবীর এর বিরুদ্ধে আনীত এ বিভাগীয় অভিযোগনামা, তার দাখিলকৃত জবাব, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন এবং তথ্যাদি বিশ্লেষণে উর্ধ্বতন হিসাবরক্ষক হিসাবে কর্মকালে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক আনীত অভিযোগটি সাক্ষ্য প্রমাণ দ্বারা সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

৪। সেহেতু, জনাব মোঃ হুমায়ুন কবীর, সাবেক উর্ধ্বতন হিসাবরক্ষক, ঢাকা জিপিও, ঢাকাকে (বর্তমানে অবসর উত্তর ছুটিতে) সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক আনীত অভিযোগের (বিভাগীয় মোকদ্দমা ০৯/২০০৭) দায় থেকে অব্যাহতি প্রদান করা হল।

**মোঃ আবুবকর সিদ্দিক**
সচিব।

---

**কোম্পানী-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ চৈত্র ১৪২০/২৪ মার্চ ২০১৪

**নং ১৪.০০.০০০০.০০৮.২৭.০১৫.১৩-৯৬**—যেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর তৈমুর, প্রাক্তন উপ-বিভাগীয় প্রকৌশলী, পরিকল্পনা (এসইপি), টেলিযোগাযোগ ভবন, বিটিসিএল, ঢাকা-কে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের ০৪-০৩-২০০৮ তারিখের-পিটি/শাখা-১/এফই(টি)-১২/২০০৬-৪৪৮ নং স্মারকমূলে Shehala

IT Limited, Toronto, Canada-এ Network Engineer হিসেবে চাকুরীতে যোগদানের জন্য ০২ (দুই) বছরের লিয়েন মঞ্জুর করা হয়। সে প্রেক্ষিতে আপনাকে বিটিসিএল হতে ০৩-০৪-২০০৮ তারিখ অপরাহ্নে বিমুক্ত করা হয়। পরবর্তীতে আপনার আবেদনের প্রেক্ষিতে লিয়েনের মেয়াদ আরো ০৩(তিন) বছর বৃদ্ধি করা হয়। সে মোতাবেক আপনার অনুমোদিত লিয়েনের মেয়াদ ০৩-০৪-২০১৩ তারিখে শেষ হয়। কিন্তু, অনুমোদিত লিয়েন শেষে আপনি নিজ কর্মে যোগদান করেননি কিংবা কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ না করে ০৪-০৪-২০১৩ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে নিজ কর্মে অনুপস্থিত রয়েছেন;

২। যেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর তৈমুর-এর এহেন আচরণ কর্তৃপক্ষের আদেশ অবজ্ঞাকরণ ও কর্তব্যে চরম অবহেলার সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ বিধায় সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) বিধি মোতাবেক কর্তৃপক্ষের বিনানুমতিতে নিজকর্মে অনুপস্থিত থাকার দায়ে অভিযুক্ত করে আপনাকে এ বিভাগের ২৭-০৫-২০১৩ তারিখের ১৮৮ সংখ্যক অভিযোগনামা জারিপূর্বক ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ প্রদান হয়, যা আপনার স্থায়ী এবং সর্বশেষ জ্ঞাত ঠিকানায় প্রেরণ করা হয়;

৩। যেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর তৈমুর ১ম কারণ দর্শানো নোটিশের কোনরূপ জবাব প্রদান না করায় কেন আপনাকে "চাকরি হতে বরখাস্তকরণ" শাস্তি প্রদান করা হবে না, সে মর্মে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) বিধি মোতাবেক "চাকরি হতে বরখাস্ত করণের" শাস্তির প্রস্তাব করে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ১৭-০৭-২০১৩ তারিখের ২৩৫ নং স্মারকমূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়, যা গত ১২-০৮-২০১৩ তারিখে "দৈনিক যুগান্তর" এবং ১১-০৯-২০১৩ তারিখে "The Daily New Age" পত্রিকায় প্রকাশিত হয়। তথাপি আপনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে নিজকর্মে অনুপস্থিত রয়েছেন;

৪। যেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর তৈমুর-এর নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনমূলক কোন জবাব না পাওয়ায় সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) বিধি অনুযায়ী আপনাকে চাকরি হতে বরখাস্ত করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ২২-১২-২০১৩ তারিখের ৪৬৯ সংখ্যক স্মারকে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরমর্শ/মতামত চাওয়া হলে আপনাকে "চাকরি হতে বরখাস্তকরণ" শাস্তি আরোপে এ মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে পিএসসি'র বিগত ০৯-০১-২০১৪ তারিখে ৪৪ সংখ্যক স্মারকে একমত পোষণ করা হয়;

৫। যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত পাওয়ার পর আপনি জনাব মোঃ জাহাঙ্গীর তৈমুর-কে "চাকরি হতে বরখাস্তকরণ" এর প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পেশ করা হলে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক তা অনুমোদিত হয়।

৬। এক্ষণে, সেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর তৈমুর, প্রাক্তন উপ-বিভাগীয় প্রকৌশলী, পরিকল্পনা (এসইপি), টেলিযোগাযোগ ভবন, বিটিসিএল, ঢাকা-কে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) বিধি অনুযায়ী কর্তৃপক্ষের আদেশ অমান্য করে বিনানুমতিতে নিজকর্মে অনুপস্থিতির তারিখ ০৪-০৪-২০১৩ থেকে "চাকরি হতে বরখাস্ত( Dismissal from service)" করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুবকর সিদ্দিক**
সচিব।

**তথ্য মন্ত্রণালয়**
**তথ্য ও গণযোগাযোগ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ চৈত্র ১৪২০/২৪ মার্চ ২০১৪

**নং ১৫.০০.০০০০.০২৫.১৮.০৯৬.১১-১১২**—ঠাকুরগাঁও জেলা তথ্য কর্মকর্তা জনাব হাসান পারভেজ অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে গত ০৬ সেপ্টেম্বর ২০১১ তারিখের তম/তগ-১/২০০৫-৩৬৭ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং তাঁর বিরচদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী কর্তব্যে চরম অবহেলার অভিযোগে বিভাগীয় মামলা রচ্জু করা হয়। উক্ত মামলায় তাকে তিরস্কার দন্ড প্রদান করা হয়। এক্ষণে, জনাব হাসান পারভেজ এর সাময়িকভাবে বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক তাকে নিম্নবর্ণিত স্বপদে জেলা অফিস, ঠাকুরগাঁও-এ পদায়ন করা হলো ঃ

(ক) সাময়িক বরখাস্তের তারিখ ০৬-০৯-২০১১ হতে তিনি পূর্ণ বেতনসহ প্রচলিত বিধি অনুযায়ী আর্থিক ভুবিধাদি পাবেন;

(খ) সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মরত সময় বলে গণ্য হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**
**পরিবেশ শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ মার্চ ২০১৪

**নং পবম/পরিবেশ-৩/০২/আইন-০১/২০০৯(অংশ-১)/১৮৮**—সরকার বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এর ১৯(১) ধারার ক্ষমতাবলে এবং ১৪ নং ধারার অধীনে ইতিপূর্বে জারীকৃত ২৩-০৪-২০১২ তারিখের পবম/পরিবেশ-৩/০২/আইন-০১/২০০৯(অংশ-১)/৩৮০ সংখ্যক প্রজ্ঞাপন বাতিল করে নিম্নরূপ আপীল কর্তৃপক্ষ পুর্নঃগঠন করেছেঃ

**চেয়ারম্যান**

(১) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (পরিবেশ), পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(৩) যুগ্ম-সচিব, আইন ও বিচার বিভাগ।

**সদস্য-সচিব**

(৪) যুগ্ম-সচিব (পরিবেশ-২), পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(ক) আপীল কর্তৃপক্ষের ৩নং ক্রমিকে বর্ণিত সদস্য আইন ও বিচার বিভাগ কর্তৃক মনোনীত হবেন।

(খ) আপীল কর্তৃপক্ষের ৫০% এর উপস্থিতিতে কোরাম হবে এবং চেয়ারম্যান কোন কারণে সভায় অনুপস্থিত থাকলে সদস্য, অতিরিক্ত সচিব(পরিবেশ) চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

(গ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এর ৭ এবং ১৫ ধারা ব্যতীত অন্যান্য ধারা এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর অধীনে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত যে কোন নোটিশ, আদেশ বা নির্দেশের বিরুদ্ধে আপীলের ক্ষেত্রে সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় আপীল কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবেন।

৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**রোকসানা তারান্নুম**
সিনিয়র সহকারী সচিব।

---

**পরিকল্পনা শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ মার্চ ২০১৪

**নং পবম/পরিশা-৫/২৩৭/২০০৮/৩৭**—বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত "নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ" শীর্ষক প্রকল্পের আওতায় পরিবেশ বান্ধব ইট উৎপাদন পদ্ধতি গ্রহণসহ প্রাতিষ্ঠানিক, আইনগত ও রেগুলেটরি পরমর্শ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে নির্দেশক্রমে Brick Project Advisory Committee (BPAC) শীর্ষক উপদেষ্টা কমিটি পুনর্গঠন করা হলঃ

**আহ্বায়ক**

(১) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক, "নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ" শীর্ষক প্রকল্প (এনভায়রনমেন্ট কম্পোনেন্ট)।

(৩) উপ-প্রধান, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(৪) ড. এজাজ হোসেন, অধ্যাপক, কেমিকৌশল বিভাগ, বুয়েট।

(৫) প্রফেসর আলী হোসেন, বিভাগীয় প্রধান, পরিবেশ ব্যবস্থাপনা বিভাগ, ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ।

(৬) জেলা প্রশাসক, ঢাকা।

(৭) উপ-সচিব (নীতি), ব্যাংকিং উইং, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(৮) শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের নিম্নে নয়)।

(৯) যুগ্ম-সচিব (পরিবেশ-২), পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(১০) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পরমাণু শক্তি কেন্দ্র, বিএইসি।

(১১) পরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড টেস্টিং ইন্সটিটিউট।

(১২) জাতীয় রাজস্ব বোর্ড এর একজন প্রতিনিধি।

(১৩) পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

(১৪) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৫, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(১৫) প্রতিনিধি, বাংলাদেশ এনভায়রনমেন্ট ল-ইয়ার্স এসোসিয়েশন (বেলা)।

(১৬) সভাপতি, বাংলাদেশ ইট প্রস্তুতকারী মালিক সমিতি।

(১৭) সভাপতি, বাংলাদেশ পরিবেশ আন্দোলন।

**সদস্য-সচিব**

(১৮) জনাব সোলায়মান হায়দার, উপ-পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

**২। কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ**

(ক) ইট উৎপাদনের বিভিন্ন কারিগরি পদ্ধতি গ্রহণ, নিঃসরণ মান মাত্রা নির্ধারণ, জ্বালানী চাহিদা নিরূপণ ইত্যাদি বিষয় পর্যালোচনা ও পরামর্শ প্রদান।

(খ) বিভিন্ন কার্যক্রমের টার্মস অব রেফারেন্স, পরামর্শক কর্তৃক পেশকৃত প্রস্তাবাবলী পর্যালোচনা এবং পরামর্শক নিয়োগে সুপারিশ পেশ।

(গ) পরামর্শক কর্তৃক প্রণীত কারিগরি রিপোর্ট পর্যালোচনা এবং পরামর্শককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

(ঘ) ইট ভাটার জন্য নিঃসরণ মানমাত্রা হালনাগাদ এবং নতুন মানমাত্রা সুপারিশকরণ।

(ঙ) স্টেকহোল্ডারদের সাথে পরামর্শকপূর্বক ইট পোড়ানো আইন হালনাগাদকরণ।

(চ) প্রকল্পের অধীনে ইট ভাটার জন্য গৃহীত ত্রৈমাসিক এবং বার্ষিক ওয়ার্ক প্ল্যান পর্যালোচনা।

(ছ) দেশব্যাপী জ্বালানী সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব ইট উৎপাদন পদ্ধতি জনপ্রিয় করার লক্ষ্যে প্রচার কৌশল বাস্তবায়নে সহায়তা করা।

(জ) আঞ্চলিক পর্যায়ে স্থানীয় প্রশাসন এবং ইট উৎপাদনের সাথে জড়িত উদ্যোক্তাদের মধ্যে পরমর্শ বৈঠক অনুষ্ঠানে সহায়তা করা।

(ঝ) বাংলাদেশ ব্রিক সেক্টরের উন্নয়নের লক্ষ্যে দীর্ঘমেয়াদী রূপরেখা প্রণয়নে সহায়তা করা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুজয় চৌধুরী**
সহকারী প্রধান।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ ফাল্গুন ১৪২০/১২ মার্চ ২০১৪

**নং প্রম/আকাশ চিত্র/২০১০/ডি-১৬/৬৩**—দেশী বিদেশী সংস্থা কর্তৃক বাংলাদেশের আকাশ আলোকচিত্র ধারণের অনুমতি প্রদানের বিষয়ে Key Point Installation (KPI) ভুক্ত এলাকাসমূহের নিরাপত্তা সংরক্ষণের স্বার্থে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নম্বর ক-১/২/৯৫/ডি-১৬/৬৮, তারিখঃ ২৭ মার্চ ১৯৯৫-এর মাধ্যমে গঠিত কমিটি সরকার নিম্নবর্ণিতভাবে পুনর্গঠন করলেনঃ

**আহ্বায়ক**

(১) যুগ্ম-সচিব (পূর্ত ও উন্নয়ন), প্রতিরক্ষা মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৩) পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (বিদেশী সংস্থা অন্তর্ভুক্ত থাকলে)।

(৪) তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের প্রতিনিধি।

(৫) প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের প্রতিনিধি

(৬) জাতীয় নিরাপত্তা গোয়েন্দা বিভাগের (এন এস আই) প্রতিনিধি।

(৭) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি।

(৮) বাংলাদেশ জরিপ অধিদপ্তরের প্রতিনিধি

(৯) বাংলাদেশ বিমান বাহিনীর প্রতিনিধি

**সদস্য-সচিব**

(১০) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সংশিøষ্ট উপ-সচিব

২। এ কমিটি প্রচলিত বিধি-বিধানের আলোকে আকাশ আলোকচিত্র ধারণের অনুমতি প্রদানের বিষয়ে সুপারিশ প্রদান করবে।

৩। কমিটির কর্মকাণ্ডের সংশিøষ্টতা ও গুরুত্ব বিবেচনায় কোন মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজন মনে করলে তাদের অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থার প্রতিনিধিকে তাঁদের পক্ষে বা মন্ত্রণালয়ের প্রতিনিধির সঙ্গে সভায় প্রেরণ করতে পারেন।

৪। কমিটির সদস্যগণ প্রত্যেকেই তাঁদের নিজ নিজ মন্ত্রণালয়/সংস্থার পক্ষ থেকে সম্মতি/মতামত প্রদান করবেন।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কাইয়ুম আরা বেগম**
উপসচিব (৪)।

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ শাখা-১**
**এলএ কেস নং-০১ মিস/১৯৬৬**
**ফরম ঘ**
**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ ]**

তারিখ, ১২ মার্চ ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১৭.১৪-৬৫**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা অনুযায়ী ১৪-০৫-১৯৬৬ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজার নাম ঃ মালগ্রাম, জেএল নং ১২১, উপজেলা বগুড়া সদর, জেলা বগুড়া।

| খতিয়ান নং (এমআরআর) | দাগ নং (সিএস) | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৪৬৪ | ৯১৬ | ০.০২ |
| ৫০৭ | ৯২০ | ০.০১ |
| ৫০৭ | ৯২১ | ০.০১ |
| ৩৯৯ | ৯২২ | ০.০২ |
| ৫১ | ২৭১১ | ০.০৩ |
| ৩৩৯ | ২৭১২ | ০.০২ |

সর্বমোট=০.১১ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

---

**এলএ কেস নং-০৮ মিস/১৯৬৫**
**ফরম ঘ**
**ঘোষণা**

**সম্পত্তি অধিগ্রণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১২ মার্চ ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১৬.১৪-৬৬**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা অনুযায়ী ১৭-০৪-১৯৬৫ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে।

এবং যেহেতু, উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা শিয়ালসন, জেএল নং ১৫১, উপজেলা আদমদিঘী, জেলা বগুড়া

| খতিয়ান নং (এমআরআর) | দাগ নং (সিএস) | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ২২৭.৩১৭ | ১৬৪ | ০.৫৪ |
| ৬৭ | ১৬৫ | ০.২৬ |

মোট ০.৮০ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

---

**এলএ কেস নং-২৫ জি/১৯৮১**
**ফরম ঘ**
**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ ]**

তারিখ, ১২ মার্চ ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১৮.১৪.৬৭**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা অনুযায়ী ১৭-০৮-১৯৮১ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজার নাম বারবাকপুর, জে এল নং ৬৭, উপজেলা বগুড়া সদর, জেলা বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৬৩২৮ | ০.০৩০০ |
| ৬৩২৯ | ০.১০০০ |
| ৬৩৩০ | ০.২০২০ |
| ৬৩৩২ | ০.১৯০০ |
| ৬৩৩৩ | ০.২২০০ |
| ৬৩৩৭ | ০.৪৭০০ |
| ৬৩৩৮ | ০.১১০০ |
| ৬৩৩৯ | ০.১৭০০ |
| ৬৩৪০ | ০.২৩০০ |

সর্বমোট=১.৭২২০ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

**এল, এ, কেস নং ৩৮/জি/১৯৭৬**
**ফরম-ঘ**
**ঘোষণা**
**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ১২ মার্চ ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১৯.১৪-৬৮**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর '৩' ধারা অনুযায়ী ২৩-১১-১৯৭৬ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজার নাম হিন্দুকান্দি, জে,এল নং ৯৩, উপজেলা সারিয়াকান্দি, জেলা বগুড়া।

| দাগ নং (এম আর আর) | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ২৫৯ | ০.১৯ |
| ২৬০ | ০.৪৬ |
| ২৬১ | ১.৫২ |
| ২৬২ | ০.৯৪ |

সর্বমোট ৩.১১ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

---

**জরিপ শাখা-২ (অপারেশন)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৩ চৈত্র ১৪২০/২৭ মার্চ ২০১৪

নং **৩১.০৩৬.০৩৩.০০.০০.০৭৯.২০১০-৬০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | ভবানীপুর | ৩০ | ফরিদপুর সদর | ফরিদপুর |
| (২) | জাগীর দেউলী | ১৪৫ | বোয়ালমারী | ফরিদপুর |
| (৩) | চর দুলালপুর | ৮৫ | বোয়ালমারী | ফরিদপুর |
| (৪) | গরোয়া | ৫৫ | ডামুড্যা | শরীয়তপুর |
| (৫) | দায়েমীচর ভয়রা | ৫৪ | ডামুড্যা | শরীয়তপুর |
| (৬) | জালিয়াহাটি | ৮৫ | নড়িয়া | শরীয়তপুর |
| (৭) | নিয়ামতপুর | ২৪৪ | পাংশা | রাজবাড়ী |
| (৮) | তর্ত্তিপুর | ৮৬ | পাংশা | রাজবাড়ী |
| (৯) | পালপাড়া | ২৭ | মুকসুদপুর | গোপালগঞ্জ |

**মুর্শিদা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৮ পৌষ ১৪২০/১ জানুয়ারি ২০১৪

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৫৮.২০০-৩৬৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক | মৌজার নাম | জে, এল, নং | খতিয়ান | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| (১) | তেলীগাড়ী | ৫ | ১০৪ | ১ | সারিয়াকান্দি | বগুড়া |
| (২) | চরজামিরা | ১৪ | ৯৭ | ১ | সারিয়াকান্দি | বগুড়া |
| (৩) | খোসালপুর | ২৪ | ১ | ১ | সারিয়াকান্দি | বগুড়া |
| (৪) | বেণীপুর | ৪৫ | ১ | ৭ | সারিয়াকান্দি | বগুড়া |
| (৫) | কোমরপুর | ১১২ | ১৪৫ | ২ | সারিয়াকান্দি | বগুড়া |
| (৬) | পুকুরগাছা | ১৪ | ৮৬৫ | ১ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (৭) | তালোচ | ১৭ | ৮৭১ | ১ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (৮) | ছোট বেড়াগাঁও | ৬২ | ২৭৭ | ১ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (৯) | সূর্য্যতা | ৬৬ | ৪৯১ | ১ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (১০) | মাগুড়া | ৮৫ | ২১৯ | ১ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (১১) | বারাহিপুর | ৮৯ | ৪৫৪ | ১ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (১২) | সর্জুণকুড়ি | ৯০ | ৪৪৩ | ২ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (১৩) | মাজিন্দা | ৯৩ | ৯৫৬ | ২ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (১৪) | শ্রীপুর | ৯৪ | ২৮৮ | ১ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (১৫) | মউকুড়ি | ১০৪ | ৬৮৩ | ১ | দুপচাঁচিয়া | বগুড়া |
| (১৬) | মাইকুড়ী | ২৫ | ৪৬ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (১৭) | রামকৃষ্ণপুর | ৮৩ | ৪১৯ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (১৮) | আধখোলা | ৯১ | ৩৪ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (১৯) | ক্ষিদ্রদামগড়া | ৯২ | ৬৩ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (২০) | দামগাড়া | ১০৪ | ২৪৫ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (২১) | খোর্দ্দ সিমলা | ১১৯ | ৩৩৮ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (২২) | মহকুড়ী | ১৫৮ | ৩১৬ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (২৩) | কালাইচাপর | ১৬৭ | ১২৯ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (২৪) | চামটা | ১৭০ | ১৯৪ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (২৫) | কালীশ | ১৭২ | ৫৭০ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (২৬) | সিংজানী | ১৯৬ | ৭৫০ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (২৭) | চকরতনেশ্বর | ২২৬ | ১৫০ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (২৮) | পূর্ব একডালা | ২৩১ | ২৬৪ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (২৯) | মাড়িয়া | ২৩৩ | ৪৫৯ | ১ | নন্দীগ্রাম | বগুড়া |
| (৩০) | বাথই | ৬ | ৭৮১ | ১ | কাহালু | বগুড়া |
| (৩১) | খয়রা পালষা | ৩০ | ১৬৩ | ১ | কাহালু | বগুড়া |
| (৩২) | আটাশী | ১০৬ | ৬৪৩ | ২ | কাহালু | বগুড়া |
| (৩৩) | হরিপুর | ১১৮ | ৩৮০ | ১ | কাহালু | বগুড়া |
| (৩৪) | হারলতা | ১২০ | ২৭২ | ১ | কাহালু | বগুড়া |
| (৩৫) | কল্যানপাড়া | ১৪৬ | ২৭৪ | ১ | কাহালু | বগুড়া |
| (৩৬) | উত্তর দেবখন্ড | ১৫৯ | ৩৭৫ | ১ | কাহালু | বগুড়া |
| (৩৭) | জালসুখা | ৪৮ | ২১৬ | ১ | ধুনট | বগুড়া |
| (৩৮) | উলীপুর | ৭৪ | ১৭৯ | ১ | ধুনট | বগুড়া |
| (৩৯) | কোনাগাঁতী | ৮৩ | ৬০৫ | ১ | ধুনট | বগুড়া |
| (৪০) | রান্ডিলা আতাউলøা | ৯০ | ৫৭৭ | ১ | ধুনট | বগুড়া |
| (৪১) | চাঁদপুর | ২১ | ৪৪০ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৪২) | বিষ্ণুপুর | ২৪ | ৫৬৬ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |

| ক্রমিক | মৌজার নাম | জে, এল, নং | খতিয়ান | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| (৪৩) | চিরলা | ৩৬ | ৪৮৩ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৪৪) | খাস চিরলা | ৪৩ | ৪০৯ | ২ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৪৫) | চকশ্যাম | ৫১ | ২৮৩ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৪৬) | বিলø | ৫৫ | ৬৯৬ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৪৭) | থিয়ট | ৫৮ | ৩৫৩ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৪৮) | বড় মাঝিপাড়া | ৭২ | ৫৫৯ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৪৯) | পার্ব্বতীপুর | ৭৯ | ৩৬১ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৫০) | ভগবানপুর | ৮০ | ১৭৩ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৫১) | কুজি সহর | ৯২ | ৩১১ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৫২) | পূর্ব্ব সুন্দরপুর | ১২৩ | ৭৬৮ | ২ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৫৩) | গোবিন্দপুর | ১৩৯ | ২৪১ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৫৪) | শ্যামপুর | ১৪৩ | ৩৬৮ | ২ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৫৫) | চান্দা | ১৬২ | ২৪৪ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৫৬) | হানাইল | ১৬৯ | ৬৬৫ | ১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| (৫৭) | গঙ্গাপ্রসাদ | ২ | ৪৬৪ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৫৮) | নলডাঙ্গা | ৭ | ৫২৭ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৫৯) | গোবরপুর | ১০ | ৭১৩ | ২ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৬০) | চক্‌বিলা | ১১ | ৪৮৫ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৬১) | মনইল | ১২ | ৬৭২ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৬২) | ভদ্রকালী | ২১ | ৪৪৬ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৬৩) | মকিমপুর | ৩৫ | ৪২৭ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৬৪) | হোসেন নগর | ৩৯ | ২৪২ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৬৫) | ভানুরকান্দা | ৪০ | ৪০২ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৬৬) | আবাদপুর | ৪১ | ৮৩৭ | ২ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৬৭) | আলী মহম্মদপুর | ৪৬ | ৫৯৯ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৬৮) | বারইল | ৪৮ | ৯৭৫ | ২ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৬৯) | হরিসারা | ৫১ | ৫৮৪ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৭০) | দিয়াল | ৫৪ | ৩৬৬ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৭১) | ঢেকুঞ্চা | ৫৯ | ৩৪৫ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৭২) | লক্ষ্মীভাটা | ৬০ | ৪৯১ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৭৩) | কাশীরা | ৬১ | ১১৬৬ | ২ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৭৪) | মহাতৈর | ৬২ | ৪০৪ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৭৫) | উত্তর গণিপুর | ৭১ | ১০৩৫ | ১ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৭৬) | কোলা | ৭২ | ৭৭৫ | ২ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৭৭) | পুন্ডরিয়া | ১০৭ | ৬৭৪ | ২ | আক্কেলপুর | জয়পুরহাট |
| (৭৮) | মান্দাই | ৩৪ | ৪২১ | ১ | কালাই | জয়পুরহাট |
| (৭৯) | নিমেরপাড়া | ৩৮ | ১১৭ | ১ | কালাই | জয়পুরহাট |
| (৮০) | পুর | ৪৩ | ৭৪৪ | ২ | কালাই | জয়পুরহাট |
| (৮১) | বাসুরা | ৪৬ | ৩৭৯ | ১ | কালাই | জয়পুরহাট |
| (৮২) | তালখুর | ৮৪ | ৬৬০ | ১ | কালাই | জয়পুরহাট |
| (৮৩) | রাধানগর | ৯২ | ৪৪৪ | ১ | কালাই | জয়পুরহাট |
| (৮৪) | ঘাটুরিয়া | ১০৬ | ১৩৮ | ২ | কালাই | জয়পুরহাট |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

**[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]**

**ভূমি মন্ত্রণালয়**

**শাখা নং-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৭ জানুয়ারি ২০১২

**নং ৩১.০০.০০০০.০৩৬.৩৪.০০৭.১২-৭৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক | জেলার নাম | উপজেলার নাম | মৌজার নাম | জে, এল, নং | খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| (১) | কুমিলøা | বুড়িচং | মজলিশপুর | ১৪ | ১৪৪ | ০১ |
| (২) | কুমিলøা | বুড়িচং | নবিয়াবাদ | ১১৪ | ১১০ | ০১ |
| (৩) | কুমিলøা | বুড়িচং | ছোট হরিপুর | ১২৯ | ১৭৬ | ০১ |
| (৪) | কুমিলøা | বরচড়া | গন্ডামারা | ২০৭ | ৩৬০ | ০১ |
| (৫) | কুমিলøা | বরচড়া | উত্তর তুলাগাঁও | ১৬৭ | ২৬৩ | ০১ |
| (৬) | কুমিলøা | বরচড়া | বাঁশপুর | ৭৭ | ৩২৬ | ০১ |
| (৭) | কুমিলøা | বরচড়া | চন্ডীপুর | ৭১ | ১৭১ | ০১ |
| (৮) | কুমিলøা | বরচড়া | পশ্চিম বাঘ মারা | ১৬৮ | ১৭৮ | ০১ |
| (৯) | কুমিলøা | বরচড়া | ছোট লক্ষীপুর | ৮৪ | ১৩৯ | ০১ |
| (১০) | কুমিলøা | বরচড়া | তারা বাড়ীয়া | ৯৬ | ২৪৩ | ০১ |
| (১১) | কুমিলøা | বরচড়া | ফেনুয়া | ১২১ | ৬৯ | ০১ |
| (১২) | কুমিলøা | বরচড়া | নছরতপুর | ৭৬ | ২০৩ | ০১ |
| (১৩) | কুমিলøা | বরচড়া | গোহিন খালী | ১৩ | ২৪৪ | ০১ |
| (১৪) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | নিশ্চিন্তপুর (কিসমত) | ১৪৪ | ৯৪ | ০১ |
| (১৫) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | গুরচ্হিত | ৭৪ | ২৮৭ | ০১ |
| (১৬) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | রঘুরামপুর | ১৩১ | ১৪১ | ০১ |
| (১৭) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | রাজবলøভ পুর | ১৫০ | ৯৪ | ০১ |
| (১৮) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | খিরনাল | ৬৯ | ১১৬ | ০১ |
| (১৯) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | শ্রীপুর | ১২৪ | ২০৭ | ০১ |
| (২০) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | বাগাবাড়ী | ৮০ | ২৭৩ | ০১ |
| (২১) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | ব্রাহ্মণগ্রাম | ৪৭ | ৩০৩ | ০১ |
| (২২) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | ধনরাজপুর | ৬২ | ৬৫৩ | ০১ |
| (২৩) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | বড়ুইখলা | ১৪২ | ৮৩ | ০১ |
| (২৪) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | সাগর তলা (আরাজী) | ১৩৫ | ১৯৫ | ০১ |
| (২৫) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | আকব পুর | ৭২ | ২৮৭ | ০১ |
| (২৬) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | ধামসার | ৩৩ | ৫৬ | ০১ |
| (২৭) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | বাউত খোলা | ১২৯ | ১৯৭ | ০১ |
| (২৮) | ব্রাহ্মণবাড়ীয়া | কসবা | কালিকাপুর | ৭৭ | ১২৯ | ০১ |
| (২৯) | চাঁদপুর | চাঁদপুর সদর | ধনপদ্দী | ২২ | ৮৫৬ | ০২ |
| (৩০) | চাঁদপুর | শাহরাস্তি | রায়ের বাগ | ১৬০ | ৮১ | ০১ |
| (৩১) | চাঁদপুর | শাহরাস্তি | বসু পাড়া | ১২৮ | ৩৭২ | ০১ |
| (৩২) | চাঁদপুর | শাহরাস্তি | বাগৈর | ১২৫ | ১৩২ | ০১ |
| (৩৩) | চাঁদপুর | শাহরাস্তি | শ্যামপুর | ১৪৬ | ৩৬৫ | ০১ |
| (৩৪) | চাঁদপুর | শাহরাস্তি | কৃষ্ণপুর | ১৬ | ২২৮ | ০১ |
| (৩৫) | চাঁদপুর | শাহরাস্তি | প্রসন্ন পুর | ৯১ | ২৫৩ | ০১ |
| (৩৬) | চাঁদপুর | শাহরাস্তি | তৈতৈশ্বর | ১৫২ | ১৭২ | ০১ |

**মোঃ নূরচ্ছ ইসলাম তালুকদার**
সহকারী সচিব।

**মাঠ প্রশাসন-২ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ১৬ ফেব্রুয়ারি ২০১৪

নং **৩১.০০.০০০০.০৪৬.১৫.০৫৩.১২-৯৩**—নির্দেশিত হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৯-১০-২০০৬ তারিখে মপবি/নিকার/১(৪)/২০০৬-১০৩ নং স্মারকে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ৯৪তম সভার সিদ্ধান্ত ও ১২-৭-২০১১ তারিখে ০৪.২১২.০০৬.০১.০০.০০১.২০১০-৭৯ নং প্রজ্ঞাপনে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ১০৫ তম সভার সিদ্ধান্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৫-১১-২০১১ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.০০৭.২০১১-১৬৩ নং স্মারক ও ২৮-৯-২০১১ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.০০৬.২০১১-১৪২ নং স্মারক, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ০৫-০৩-২০১৩ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি-০১/অংশ-১/২০১২/৬৩ নং স্মারকে ও ০৫-১২-২০১৩ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি-০১/অংশ-১/২০১২/২৯৯ নং স্মারক এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-১ এর ২৯-৯-১৩ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৬.১২-২২০ নং স্মারকে এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ১৫ জানুয়ারি, ২০১৪ তারিখের ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন রাজবাড়ী জেলার কালুখালী এবং পটুয়াখালী জেলার রাঙ্গাবালী উপজেলা ভূমি অফিস গঠনে সহকারী কমিশনার (ভূমি)'র সহায়ক আউটসোসিংসহ ১০ ক্যাটাগরীর প্রতিটি উপজেলার জন্য ১১টি পদ সর্বমোট ২টি উপজেলার জন্য (১১×২) = ২২টি পদ সৃজনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বেতনস্কেল, ২০০৯ | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক সুপারিশকৃত বেতনস্কেল, ২০০৯ | বেতন নির্ধারণের শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| (১) | কানুনগো ০২টি | ৮০০০—১৬৫৪০ | ৮০০০—১৬৫৪০ (১০ম গ্রেড) | নিয়োগের যোগ্যতা ঃ অর্থ বিভাগের ১৪-০১-২০১০ তারিখের অম/অবি(বাস্ত-১)/ভূমি-১৮/২০০৬/১৪ নং স্মারকের শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (২) | সার্ভেয়ার ০২টি | ৫২০০—১১২৩৫ | ৫২০০-১১২৩৫ (১৪নং গ্রেড) | নিয়োগের যোগ্যতা ঃ ভূমি হুকুম দখল অফিসের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (৩) | হেড এসিসটেন্ট কাম-একাউন্টেট ০২টি | ৫২০০—১১২৩৫ | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | নিয়োগের যোগ্যতা ঃ The Recruitment Rules for the Upazila Revenue Officers and staff (Management side) Rules, 1985 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (৪) | নাজির কাম-ক্যাশিয়ার ০২টি | ৪৭০০—৯৭৪৫ | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | নিয়োগের যোগ্যতা ঃ The Recruitment Rules for the Upazila Revenue Officers and staff (Management side) Rules, 1985 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (৫) | সার্টিফিকেট পেশকার ০২টি | ৪৭০০—৯৭৪৫ | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | নিয়োগের যোগ্যতা ঃ The Recruitment Rules for the Upazila Revenue Officers and staff (Management side) Rules, 1985 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (৬) | সার্টিফিকেট সহকারী ০২টি | ৪৭০০—৯৭৪৫ | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | নিয়োগের যোগ্যতা ঃ The Recruitment Rules for the Upazila Revenue Officers and staff (Management side) Rules, 1985 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (৭) | ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী ০২টি | ৪৭০০—৯৭৪৫ | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | নিয়োগের যোগ্যতা ঃ The Recruitment Rules for the Upazila Revenue Officers and staff (Management side) Rules, 1985 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (৮) | প্রসেস সার্ভেয়ার ০২টি | ৪২৫০—৭৭৪০ | টাঃ ৭৯০০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য। |
| | | | টাঃ ৭৬০০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন এলাকা এবং নারায়ণগঞ্জ, টঙ্গী পৌর এলাকার জন্য। |
| | | | টাঃ ৭৩৫০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে অন্যান্য এলাকার জন্য। |
| (৯) | এমএলএসএস ০৪টি | ৪১০০—৭৭৪০ | টাঃ ৭৭৫০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য। |
| | | | টাঃ ৭৪৫০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন এলাকা এবং নারায়ণগঞ্জ, টঙ্গী পৌর এলাকার জন্য। |
| (১০) | চেইনম্যান ০২টি | | টাঃ ৭২০০ (সাকুল্যে) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে অন্যান্য এলাকার জন্য। |

২। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি, ও জারি করা হলো।

**তুলসী রঞ্জন সাহা**
উপ-সচিব।

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## তদন্ত ও শৃঙ্খলা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৯ চৈত্র ১৪২০/২ এপ্রিল ২০১৪

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২৭/২০০৯/৩৭৩**—জনাব এ, বি, এম খলিলুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার (সাময়িক বরখাস্ত), মুলাদী, বরিশাল দুর্নীতি দমন কমিশন, বরিশাল কর্তৃক দায়েরকৃত মামলায় গ্রেফতার হয়ে জেলহাজতে প্রেরণ করায় তাকে এ মন্ত্রণালয়ের ০৪ মে, ২০০৯ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-২৭/২০০৯/৪৮৬ নং প্রজ্ঞাপনমূলে চাকুরী থেকে সমায়িকভাবে বরখাস্ত করা হয়;

জনাব এ, বি, এম খলিলুর রহমান তার বিরূদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলাটি চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে ক্রিমিনাল মিস কেইস (নম্বর ২৮০৯২/২০১০) দায়ের করেন। মহামান্য হাইকোর্ট শুনানী অন্তে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মোকদ্দমাটি Quash করে তাকে মামলার দায় হতে অব্যাহতি প্রদান করেন;

দুর্নীতি দমন কমিশন মহামান্য সুপ্রীম কোর্টে ক্রিমিনাল মিস পিটিশন লীভ টু আপীল (আপীল নং ০৪/২০১২) দায়ের করলে মাননীয় চেম্বার জজ 'No Order' আদেশ প্রদান করায় এ বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর উইং-এর মতামত চাওয়া হয়;

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এই মর্মে মতামত প্রকাশ করে যে, আইনের বিধান ও রায়ের আলোকে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তাকে (জনাব এ, বি, এম খলিলুর রহমান) চাকুরীতে পুনর্বহাল করতে আইনগত কোন বাধা নেই; তবে এক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় আপীল বিভাগের ক্রিমিনাল মিস পিটিশন ফর লীভ টু আপীল (আপীল নং ০৪/২০১২) এর সিদ্ধান্ত আবশ্যিকভাবে বাধ্যকর হবে।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রদত্ত মতামতের আলোকে জনাব এ, বি, এম খলিলুর রহমান-এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হ'ল এবং অবিলম্বে তাকে কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হ'ল। উলে্লখ থাকে যে, ভবিষ্যতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ক্রিমিনাল মিস পিটিশন ফর লীভ টু আপীল নং ০৪/২০১২ এর সিদ্ধান্ত যেরূপ হবে তা আবশ্যিকভাবে তার ক্ষেত্রে পালনীয় হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আখতার হোসেন**
সচিব।

---

## বিদ্যালয়-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৯ চৈত্র ১৪২০/০২ এপ্রিল ২০১৪

নং ৩৮.০০৮.০৩৪.০০.০০.০০৭.২০১৩-১৫০—ঢাকা মহানগরীর রমনা থানাধীন 'নীলক্ষেত সরকারি প্রাথমিক বিদ্যালয়' এর নাম পরিবর্তন করে 'শহীদ বুদ্ধিজীবী ড. আমিন উদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়' নামকরণ করা হল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাজরীন নাহার**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)।

---

## শিক্ষা মন্ত্রণালয়
## পরিকল্পনা-০২ শাখা

### আদেশ

তারিখ, ২৮ ফাল্গুন ১৪২০/১২ মার্চ ২০১৪

**নং ৩৬.০৮৫.০১৪.১৫.০০.০১৩.২০১১-৩১১**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) কর্তৃক বাস্তবায়িত "সিলেট ও বরিশাল বিভাগে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)-এর আঞ্চলিক অফিস স্থাপন, আধুনিকীকরণ ও উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের ০৩(তিন) টি ক্যাটাগরির ০৬ (ছয়) টি পদ রাজস্ব বাজেটে অস্থায়ীভাবে সৃজনের সরকারি আদেশ জারি করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক সুপারিশকৃত (জাঃ বেঃ স্কেল/২০০৯) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | ডাটা এন্ট্রি অপারেটর<br>সিলেট ১টি<br>বরিশাল- ১টি<br>২টি | টাঃ ৪৭০০-৯৭৪৫<br>(১৬ নং স্কেল) | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules 1985 তফসিলের ক্রমিক ১৬ অনুযায়ী পূরণযোগ্য |
| (২) | ল্যাব বাহক<br>সিলেট ১টি<br>বরিশাল- ১টি<br>২টি | টাঃ ৪১০০-৭৭৪০<br>(২০ নং স্কেল) | অষ্টম শ্রেণী পাসসহ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল এ ০৩ (তিন) মাসের ট্রেড সার্টিফিকেট। |
| (৩) | এমএলএসএস=২টি | ৭৪৫০/- সাকুল্যে (আউট সোর্সিং | সিলেট এবং বরিশাল এর মেট্রোপলিটন এলাকার জন্য। |

**শর্তাবলী ঃ**

(ক) অস্থায়ীভাবে সৃজনকৃত পদসমূহ ০৩ (তিন) বছর পর্যন্ত বছরভিত্তিক সংরক্ষণ করতে হবে। এছাড়াও অস্থায়ীভাবে সৃজনকৃত পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের জারিকৃত মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(খ) যে সকল পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত নেই সে সকল পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;

(গ) সুপারিশকৃত ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রণীত আউট সোর্সিং (Out sourcing) নীতিমালা অনুসরণ করতে হবে;

(ঘ) বর্ণিত ছকের ৩নং কলামে সুপারিশকৃত বেতনস্কেলভিত্তিক পদসমূহের জন্য ৪ নম্বর কলামে নির্ধারণকৃত যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে। এর ব্যত্যয় ঘটিয়ে বেতনস্কেল কার্যকর করা যাবে না; এবং

(ঙ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের প্রদত্ত শর্তাদিসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যমান সকল বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

২। পদ সৃজনের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হ'ল।

**মোঃ মিজানুর রহমান**
সহকারী প্রধান।

---

**শিল্প মন্ত্রণালয়**

**স্বশাসিত সংস্থা (বিসিক শাখা)**

**আদেশ**

তারিখ, ১৯ চৈত্র ১৪২০/০২ এপ্রিল ২০১৪

নং **৩৬.০৬৫.০১৫.০০.০০.১০৫.২০১৪-৭২**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের কুটির ও গ্রামীণ শিল্প উন্নয়ন" শীর্ষক উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত ৮৬(ছিয়াশি) টি অস্থায়ী পদের মধ্যে নিম্নবর্ণিত ১৫(পনের) ক্যাটাগরির ৬২(বাষট্টি)টি অস্থায়ী পদ ০১-০৬-২০১১ হতে ৩১-০৫-২০১৩ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে এবং ০১-০৬-২০১৩ হতে ৩১-০৫-২০১৪ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি আদেশ জারি করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী |
|---|---|---|---|
| (১) | সহকারী মহাব্যবস্থাপক | ০১(এক)টি | ২২,২৫০—৩১,২৫০ (৫ম গ্রেড) |
| (২) | প্রশাসনিক কর্মকর্তা | ০১(এক)টি | ১১,০০০—২০,৩৭০ (৯ম গ্রেড) |
| (৩) | মার্কেটিং অফিসার | ০১(এক)টি | ১১,০০০—২০,৩৭০ (৯ম গ্রেড) |
| (৪) | সহকারী প্রকৌশলী | ০১(এক)টি | ১১,০০০—২০,৩৭০ (৯ম গ্রেড) |
| (৫) | ডিজাইনার | ০১(এক)টি | ১১,০০০—২০,৩৭০ (৯ম গ্রেড) |
| (৬) | সহকারী হিসাব রক্ষণ অফিসার | ০১(এক)টি | ৬৪০০—১৪,২৫৫ (১১তম গ্রেড) |
| (৭) | হিসাব সহকারী | ০৩(তিন)টি | ৫২০০—১১,২৩৫ (১৪তম গ্রেড) |
| (৮) | স্টোর কিপার কাম হিসাব সহকারী | ০৭(সাত)টি | ৫২০০—১১,২৩৫ (১৪তম গ্রেড) |
| (৯) | বিক্রয় সহকারী | ০২(দুই)টি | ৪৯০০—১০,৪৫০/- (১৫ তম গ্রেড) |
| (১০) | দক্ষ তাঁতি | ১২(বার) টি | ৪৪০০—৮,৫৮০ (১৮ তম গ্রেড) |
| (১১) | মুদ্রাক্ষরিক | ০৩(তিন)টি | ৪৭০০—৯,৭৪৫ (১৬তম গ্রেড) |
| (১২) | গাড়ী/স্পীডবোর্ড চালক | ০২(দুই)টি | ৪৭০০—৯,৭৪৫ (১৬তম গ্রেড) |
| (১৩) | হেলপার | ১২(বার) টি | ৪১০০—৭,৭৪০ (২০তম গ্রেড) |
| (১৪) | গার্ড | ১১(এগার)টি | ৪১০০—৭,৭৪০ (২০তম গ্রেড) |
| (১৫) | পিয়ন/ম্যাসেঞ্জার | ০৪(চার) টি | ৪১০০—৭,৭৪০ (২০তম গ্রেড) |
| | | ৬২(বাষট্টি)টি | |

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

**প্রশাসন (সংস্থাপন) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ মার্চ ২০১৪

**নং ৩৬.০৪৬.০২৩.০০.০০.০০২.২০১০-১৩৭—"রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান সংক্রান্ত নির্দেশাবলী, ২০১৩"** এর ৫.২ অনুচ্ছেদ সংশোধনক্রমে নিম্নরূপভাবে মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি গঠন করা হলো ঃ

**"৫.২ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি ঃ**

| | |
|---|---|
| মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | আহবায়ক |
| গভর্ণর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| সচিব, আইন ও বিচার বিভাগ | সদস্য |
| সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| সভাপতি, এফবিসিসিআই | সদস্য |
| সভাপতি, বিসিআই | সদস্য |
| অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব" |

রাষ্ট্রপতি আদেশক্রমে

**মোঃ আবদুছ ছবুর চৌধুরী**
উপসচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৫ মার্চ ২০১৪

**নং ৪০.০০.০০০০.০১১.০৪০.০০৩.২০১৪.৩৬১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১৩.১৪৩ নম্বর সংখ্যক পত্রের নির্দেশনামতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধিনস্থ শ্রম আপীল ট্রাইব্যুনালের রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদসমূহ সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্লোক্তভাবে একটি বিভাগীয় নির্বাচন কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো ঃ

**আহবায়ক/সভাপতি**

(১) সদস্য, শ্রম আপীল ট্রাইব্যুনাল

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৩) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৪) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৫) বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়ের উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৬) রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইবুন্যাল, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

(ক) এই কমিটি রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদ সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য প্রার্থী বাছাই/পদোন্নতিযোগ্য ফিডার পদধারী বাছাই এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইম স্কেল মঞ্জুরী ক্ষেত্রে সুপারিশ প্রদান করবে।

(খ) এই কমিটি তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে সংশিøষ্ট নিয়োগ বিধি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংশিøষ্ট অফিস স্মারক/প্রজ্ঞাপন এর আলোকে সুপারিশ প্রদান করবে।

৩। এতদ্‌সংক্রান্ত পূর্বের কমিটি বাতিল বলে গণ্য হবে এবং জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪০.০০.০০০০.০১১.০৪০.০০৩.২০১৪.৩৬২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১৩.১৪৩ নম্বর সংখ্যক পত্রের নির্দেশনামতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধিনস্থ নিম্নতম মজুরী বোর্ড এর রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদসমূহ সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্লোক্তভাবে একটি বিভাগীয় নির্বাচন কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো ঃ

**আহবায়ক/সভাপতি**

(১) চেয়ারম্যান (নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা)

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৩) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৪) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৫) বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়ের উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৬) সচিব, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

(ক) এই কমিটি রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদ সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য প্রার্থী বাছাই/পদোন্নতিযোগ্য ফিডার পদধারী বাছাই এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইম স্কেল মঞ্জুরী ক্ষেত্রে সুপারিশ প্রদান করবে।

(খ) এই কমিটি তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে সংশিøষ্ট নিয়োগ বিধি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংশিøষ্ট অফিস স্মারক/প্রজ্ঞাপন এর আলোকে সুপারিশ প্রদান করবে।

৩। এতদ্‌সংক্রান্ত পূর্বের কমিটি বাতিল বলে গণ্য হবে এবং জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪০.০০.০০০০.০১১.০৪০.০০৩.২০১৪.৩৬৩**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.২০. ০০.০৪৩.২০১৩.১৪৩ নম্বর সংখ্যক পত্রের নির্দেশনামতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধিনস্থ প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রম আদালত, ঢাকা এর রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদসমূহ সরাসরি/ পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি বিভাগীয় নির্বাচন কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো ঃ

**আহবায়ক/সভাপতি**

(১) চেয়ারম্যান (সংশিষ্ট আদালত)

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৩) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৪) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৫) বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়ের উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৬) রেজিস্ট্রার, সংশিষ্ট আদালত

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

(ক) এই কমিটি রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদ সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য প্রার্থী বাছাই/পদোন্নতিযোগ্য ফিডার পদধারী বাছাই এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইম স্কেল মঞ্জুরী ক্ষেত্রে সুপারিশ প্রদান করবে।

(খ) এই কমিটি তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদে সরাসরি/ পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে সংশিষ্ট নিয়োগ বিধি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংশিষ্ট অফিস স্মারক/প্রজ্ঞাপন এর আলোকে সুপারিশ প্রদান করবে।

৩। এতদ্‌সংক্রান্ত পূর্বের কমিটি বাতিল বলে গণ্য হবে এবং জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪০.০০.০০০০.০১১.০৪০.০০৩.২০১৪.৩৬৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.২০. ০০.০৪৩.২০১৩.১৪৩ নম্বর সংখ্যক পত্রের নির্দেশনামতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধিনস্থ প্রথম শ্রম আদালত ও দ্বিতীয় শ্রম আদালত, চট্টগ্রাম/শ্রম আদালত, খুলনা/শ্রম আদালত, রাজশাহী এর রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদসমূহ সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি বিভাগীয় নির্বাচন কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো ঃ

**আহবায়ক/সভাপতি**

(১) চেয়ারম্যান (সংশিষ্ট আদালত)

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৩) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত উপযুক্ত প্রতিনিধি;

(৪) জেলা ও দায়রা জজ কর্তৃক মনোনীত উপযুক্ত প্রতিনিধি।

(৫) বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়ের উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৬) রেজিস্ট্রার, সংশিষ্ট আদালত।

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

(ক) এই কমিটি রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদ সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য প্রার্থী বাছাই/পদোন্নতিযোগ্য ফিডার পদধারী বাছাই এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইম স্কেল মঞ্জুরী ক্ষেত্রে সুপারিশ প্রদান করবে।

(খ) এই কমিটি তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদে সরাসরি/ পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে সংশিষ্ট নিয়োগ বিধি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংশিষ্ট অফিস স্মারক/প্রজ্ঞাপন এর আলোকে সুপারিশ প্রদান করবে।

৩। এতদ্‌সংক্রান্ত পূর্বের কমিটি বাতিল বলে গণ্য হবে এবং জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহজাহান মিয়া**
উপসচিব (প্রশাসন)।

---

**অধিশাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ চৈত্র ১৪২০/২৩ মার্চ ২০১৪

**নং ৪০.০০.০০০০.০১৩.০৬.০০৬.১২-৪৭**—শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে অনুষ্ঠিত জানুয়ারি ২০১৪ মাসের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী অডিট আপত্তি নিস্পত্তি দ্রূত করার বিষয়ে উপসচিব (বাজেট) এর নেতৃত্বে একটি "অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত পর্যালোচনা টীম" নিম্নরূপভাবে গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) উপ-সচিব (বাজেট), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) সংশিষ্ট কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

(৩) সংশিষ্ট কর্মকর্তা, শ্রম পরিদপ্তর।

(৪) সচিব, নিম্নতম মজুরী বোর্ড

(৫) রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইব্যুনাল

(৬) এনএসডিসি'র সংশিষ্ট কর্মকর্তা

(৭) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৮) হিসাব রক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

২। **টীমের কার্য পরিধি নিম্নরূপ ঃ**

(ক) এ টীম মন্ত্রণালয়, অধিদপ্তর এবং দপ্তরসমূহের অডিট আপত্তি নিস্পত্তির বিষয়সমূহ পর্যালোচনা করবে।

(খ) টীম প্রতিমাসে কমপক্ষে একটি সভায় মিলিত হবে।

(গ) বিবিধ

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ বি এম সিরাজুল হক**
উপসচিব।

---

**শাখা-১০**

**অফিস আদেশ**

তারিখ, ৩০ মার্চ ২০১৪

নং **৪০.০১০.০২৭.০১.০০.০০৩.২০১০-৮০২**—যেহেতু জনাব মোঃ ইকবাল আহমেদ, পরিদর্শক (প্রকৌশলী) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মকালে অগ্নিজনিত দুর্ঘটনা কবলিত তাজরীন ফ্যাশনস লিঃ এর (Ground to 8th Floor পর্যন্ত কারখানার সম্প্রসারিত ভবনের নক্সা অনুমোদনের জন্য গত ৯-৮-২০১১ তারিখে সুপারিশ করেছেন। গ্রাউন্ড ফ্লোর থেকে ৩ তলা পর্যন্ত নক্সা পূর্বের অনুমোদন থাকা সত্বেও তার সুপারিশে প্রস্তাবিত ফ্যাক্টরী হিসেবে উলেøখ করেছেন, যা দায়িত্বহীনতার পরিচয় বহন করে। এছাড়া পূর্বের তিনতলা পর্যন্ত অনুমোদিত নক্সায় গ্রাউন্ড ফ্লোরে ওয়ার্কিং এরিয়া ও পার্কিং এরিয়া মিলে পর্যাপ্ত খোলা জায়গা ছিল। কিন্ত তার সুপারিশকৃত নক্সায় গ্রাউন্ড ফ্লোর থেকে অষ্টম তলা পর্যন্ত নক্সায় গ্রাউন্ড ফ্লোরের প্রায় সর্বাংশে গোডাউন হিসেবে অনুমোদনের সুপারিশ করে কারখানা অগ্নিকান্ডের জন্য বিপদজনক (Valnerable to fire incident) হওয়ার ক্ষেত্রে প্রস্তুতে সহায়তা করে অমার্জনীয় অপরাধ করেছেন।

২। যেহেতু, জনাব মোঃ ইকবাল আহমেদ, পরিদর্শক (প্রকৌশলী), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকা থাকাকালীন তাজরীন ফ্যাশন লিমিটেডের কারখানার নির্মাণ নক্সা ও রেজিস্ট্রেশন প্রদানের সুপারিশ করে কর্তব্যকর্মে চরম অবহেলা প্রদর্শন করেছেন।

৩। যেহেতু, জনাব মোঃ ইকবাল আহমেদ, পরিদর্শক (প্রকৌশল) এর এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২(এফ) (ii) ধারা মোতাবেক "অসদাচর" এর আতওতাভুক্ত অপরাধ;

৪। সেহেতু, এক্ষণে এই বিধিমালা ৩(বি) বিধিমোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে জনাব মোঃ ইকবাল আহমেদকে অভিযুক্ত করা হলো এবং একই বিধিমালার ৪(২)(বি) ধারায় ১(এক) টি বার্ষিক বর্দ্ধিত বেতন ০১(এক) বছরের জন্য বন্ধ রাখার দণ্ডাদেশ প্রদান করা হলো।

**মিকাইল শিপার**
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ মার্চ ২০১৪

নং **৪৪.০০.০০০০.০৯৫.০৮.০০৬.১৩-১৭৭**—মাদারীপুর জেলার সদর থানার অফিসার ইনচার্জ, নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মনিরুজ্জামান (সাবেক এসআই, তেজগাঁও থানা, ডিএমপি, ঢাকা) কে পুলিশ অধিদপ্তরের দঃ শৃঃ/১২৬-২০১০/৬১৪, তারিখ ৩০-৫-২০১৩ আদেশ মূলে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি নং ৪(২)(বি) মোতাবেক "লঘুদণ্ড" হিসেবে প্রদত্ত একটি বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) ২(দুই) বৎসরের জন্য স্থগিত এর দণ্ড হতে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

---

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৭ মার্চ ২০১৪

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৬৬**—কক্সবাজার জেলার কুতুবদিয়া থানার মামলা নং ১৮, তারিখ ৩০-১০-২০১৩ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধিত ২০১৩) এর ধারা ৬(২) (অ) (আ) মামলাটিতে আসামি ডাঃ সাইদুল মনির (৩৫), পিতা সুলতান পন্ডিত, সাং মুছার পাড়া, দক্ষিণ দুরুং, থানা কুতুবদিয়া, জেলা কক্সবাজার গংদের বিরুদ্ধে সরকার উচ্ছেদ, যুদ্ধাপরাধীদের বিচার বানচাল ও জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি, সরকারি সম্পত্তির ক্ষতিসাধন, আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের হত্যার উদ্দেশ্যে মারপিট, হত্যার চেষ্টাসহ আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটানো ও দেশের অরাজকতা সৃষ্টি করার লক্ষ্যে যড়যন্ত্রমূলক কর্মকান্ডে জড়িত থাকায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধিত-২০১৩) এর ধারা ৬(২) (অ) (আ) ধারায় অপরাধের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হ'ল।

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৩-৬৭**—ঢাকা জেলার মতিঝিল থানার মামলা নং ২৯, তারিখ, ২০-১১-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধিত, ২০১২) (সংশোধিত ২০১৩)} এর ধারা ৮/৯/১২/১৩ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা মামলাটির আসামি মোঃ শাহাদৎ হোসাইন (২৩), পিতা মোঃ আঃ খালেক, সাং ভোলানগর (দূর্গাপুর ইউনিয়ন), থানা কোতোয়ালী, জেলা কুমিলøা, বর্তমানে এস, এম, হল, রুম নং ৮৫, ঢাকা বিশ্ববিদ্যালয়, গংদের বিরুদ্ধে সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত "হিজবুত তাহরীর" নামক সংগঠনের শিরোনামে সরকার ও রাষ্ট্রবিরোধী বিভিন্ন মিথ্যা তথ্য সম্বলিত লিফলেট ছাপিয়ে নিজ দখলে রেখে জনসাধারণের মধ্যে উক্ত লিফলেট বিতরণ করে রাষ্ট্র ও সরকার বিরোধী কার্যকলাপ পরিচালনা করায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধিত, ২০১২ (সংশোধিত ২০১৩)} এর ৮/৯/১২/১৩ ধারার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপ-সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ মার্চ ২০১৪

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০২.২০১৪-১৭৮**—জনাব মোঃ আহসানুজ্জামান, সিনিয়র সহকারী প্রকৌশলী, বৃহত্তর ময়মনসিংহ, সিলেট ও ফরিদপুর এলাকায় ক্ষুদ্রাকার পানি উন্নয়ন প্রকল্প (আইডবি৪উআরএমইডি ইউনিট), স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর (এলজিইডি), সদর দপ্তর, ঢাকা (সাবেক উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ) এর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির গুরুতর অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় আনীত অভিযোগসমূহ সুষ্ঠু তদন্তের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) এর বিধানানুসার তাঁকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর হোসেন**
সচিব।